

নং- ৪৬.৪২.৬৭০০.০০০.১৪.০১০.১৫(১). ২৫৬৩

তারিখঃ ২২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ  
০৬ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ নারায়ণগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-জেঃপঃ/নাঃগঞ্জ/২২/প্রকৌঃ//২০১৬-২০১৭/৪৭, তারিখঃ ২২/৬/২০১৭।

২০১৬-২০১৭ অর্থবছরে নারায়ণগঞ্জ জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ১২,৩২,৮৬,৬৮০/- (বারো কোটি বত্রিশ লক্ষ ছিয়াশি হাজার ছয়শত আশি) টাকায় গৃহীত ২৪৭টি প্রকল্পের প্রকল্প তালিকার ক্রমিক নং-১৮, ২০, ৩০, ৩২, ৬৭, ৬৮, ১২৩, ২৪৩ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ১২,১৭,৮৬,৬৮০/- (বারো কোটি সতের লক্ষ ছিয়াশি হাজার ছয়শত আশি) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ২৩৯টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, নারায়ণগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এর এসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) নলকূপসমূহ কোন ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ যাতে পানি পান করতে পারে এরকম স্থানে নলকূপ স্থাপন করতে হবে;
- ৭) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ নারায়ণগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
৬/৮/১৭  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব।

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।